

# নোয়াখালী জেলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি কমিটি (নোয়াখালী জিলা স্কুল ও নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)

ডাকঘর : নোয়াখালী, উপজেলা- সদর, জেলা : নোয়াখালী। ফোন : ০২৩৩৪৪৯১৫৯৮


তারিখ : ২২/১০/২০২৩ ইং

## “ভর্তি বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জিলা স্কুলে ৫ম, ৬ষ্ঠ ও নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ম শ্রেণিতে ২০২৩ শিক্ষাবর্ষে প্রাতঃ ও দিবা শাখায় শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নে প্রদত্ত হল:

- শিক্ষার্থীর বয়সঃ ০১/০১/২০২৪ তারিখে ৫ম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীর বয়স ১০+ বছর হতে হবে। সে হিসেবে ৬ষ্ঠ শ্রেণির বয়স ১১+ বছর এবং ৭ম শ্রেণির বয়স ১২+ হতে হতে হবে। ভর্তির সময় শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের ভেরিফাই কপি জমা দিতে হবে।
- আবেদনের সময়সীমা: ৫ম ও ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির আবেদন ফরম পূরণের তারিখ: ২৪/১০/২০২৩ তারিখ সকাল ১১:০০টা থেকে ১৪/১১/২০২৩ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত।
- আবেদন ফরম পূরণ সংক্রান্ত: ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী <http://gsa.teletalk.com.bd> এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করে প্রাপ্ত User ID ব্যবহার করে ৪৮ ঘণ্টার মধ্যে Teletalk pre paid mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি বাবদ ১১০/= (একশত দশ টাকা) টাকা প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবে। বিদ্যালয়ে কোন ভর্তি ফরম পাওয়া যাবে না। একজন শিক্ষার্থী একই আবেদনে উভয় শিফট এর জন্য আবেদন করতে পারবে।
- সফলভাবে আবেদন ও আবেদন ফি প্রদান সম্পন্ন হলে দ্বিতীয় SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে <http://gsa.teletalk.com.bd> ওয়েব সাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে প্রবেশপত্র (Admit Card) ও আবেদনপত্র (Applicants Copy) ভর্তির সময় জমা দিতে হবে।
- Online এ পূরণকৃত আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যই পরবর্তীতে সকল কাজে ব্যবহার হবে বিধায় আবেদন প্রেরণের পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হতে হবে। যে শ্রেণি ও শিফট এর জন্য নির্বাচিত হবে সে শ্রেণি ও শিফট কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।
- ভর্তির বিস্তারিত নিয়মাবলী <http://gsa.teletalk.com.bd> এ পাওয়া যাবে।
- কোন আবেদনকারী অসদুপায় অবলম্বন করে একই প্রতিষ্ঠানে একাধিকবার আবেদন করলে এবং পরবর্তীতে তা প্রামাণ্য হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- কোটা নির্ধারণ: সরকারি বিধি অনুযায়ী মুক্তিযোদ্ধা সন্তান/নাতিন/নাতিনীদের ৫% কোটা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের ২% কোটা এবং ৬ষ্ঠ শ্রেণিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১০% কোটা সংরক্ষণ করা হবে।
- কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ ও সাক্ষাৎকার: মেধা কোটা ছাড়া অন্য সকল কোটার নির্বাচিতদের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করে সাক্ষাৎকারের তারিখ জেনে শিক্ষার্থীসহ অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), নোয়াখালী এর কক্ষে কোটার স্বপক্ষে সকল কাগজপত্রের মূল কপি সহ সাক্ষাৎকারে আসতে হবে। ১ সেট ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি সহ ভর্তি ফরম জমা দেওয়ার সময় বিদ্যালয়ে জমা দিতে হবে ও মূল কপি দেখাতে হবে।
- বিদ্যালয়ের শ্রেণি ও শিফট অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষার্থীর সংখ্যা নিম্নরূপ:

নোয়াখালী জিলা স্কুল; সর্বমোট ১৯৮ জন				নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; সর্বমোট ১৯৮ জন			
শ্রেণি	সংখ্যা	শ্রেণি	সংখ্যা	শ্রেণি	সংখ্যা	শ্রেণি	সংখ্যা
৫ম শ্রেণি-প্রাতঃ	৫৮ জন	৫ম শ্রেণি-দিবা	৬০ জন	৫ম শ্রেণি-প্রাতঃ	৯৮ জন	৫ম শ্রেণি-দিবা	১০০ জন
৬ষ্ঠ শ্রেণি-প্রাতঃ	৪০ জন	৬ষ্ঠ শ্রেণি-দিবা	৪০ জন				

  
(মেহেরুন নেছা)  
সদস্য সচিব

নোয়াখালী জেলা সরকারি মাধ্যমিক বিদ্যালয় শিক্ষার্থী ভর্তি কমিটি

৩

প্রধান শিক্ষিকা

নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী।